প্রশ্নঃ ১৯৪. আল্লাহর কাছে কোন গুনাহ থেকে তওবা করার পরেও বারবার ঐ গুনাহ হয়ে যায়। এমতাবস্থায় কি আল্লাহ ক্ষমা করবেন?

গোনাহ হয়ে গেলে আল্লাহর কাছে তওবা করতে হবে। তওবা করার পর যদি আবার সেই গুনা করে তাহলে আবার তওবা করতে হবে। আপনি নিশ্চিত জানেন যে কোনাটি আপনার দ্বারা আবার হবে, এমন হলেও আপনি তওবা করবেন। আপনার দ্বারা যতবার গোনা সংঘটিত হবে ততবারই তওবা করবেন। তবে গোনা থেকে যেন বিরত থাকতে পারেন সে চেষ্টা আপনাকে চালিয়ে যেতে হবে।

ان الله تواب، ان الله غفور رحيم.

সূরা আনফাল এর ৩৩ নম্বর আয়াতে আল্লাহ তা'আলা বলেন,

وَ مَا كَانَ اللّٰهُ لِیُعَذِّبَهُمۡ وَ اَنۡتَ فِیۡهِمۡ ؕ وَ مَا كَانَ اللّٰهُ مُعَذِّبَهُمۡ وَ هُمۡ یَسۡتَغۡفِرُوۡنَ

আর আল্লাহ এমন নন যে, তাদেরকে আযাব দেবেন এ অবস্থায় যে, তুমি তাদের মাঝে বিদ্যমান এবং আল্লাহ তাদেরকে আযাব দানকারী নন এমতাবস্থায় যে, তারা ক্ষমা প্রার্থনা করছে।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: